গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বিএসসি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mos.gov.bd

পত্র নং-১৮.০০.০০০০.০২৩.০৬.০২৬.১৭-৬৩

তারিখঃ ১০ বৈশাখ, ১৪২৫ / ২৩ এপ্রিল, ২০১৮

বিষয়ঃ বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

নৌপরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব শাজাহান খান এরঁ সভাপতিত্বে ১৮ এপ্রিল, ২০১৮ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে আনুষ্ঠিত বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৩.৪.২০১৮
(মোঃ নজরুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৮১৭

বিতরন (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/বন্দর/সংস্থা), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৪। যুগ্মসচিব (প্রশাসন/উন্নয়ন/বাজেট), নৌপরিবহণ মন্ত্রণালয়, ঢাকা।
৫। যুগ্মপ্রধান (পরিকল্পনা), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপসচিব (বিএসসি), নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৭। সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়,ঢাকা।
৮। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বিএসসি শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

নং-১৮.০০.০০০০.০২৩.০৬.০২৬.১৭- ৬২ তারিখ ১৯ এপ্রিল, ২০১৮

বিষয়ঃ বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতিঃ জনাব শাজাহান খান, এম.পি
মাননীয় মন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়।
সভার তারিখ ও সময়ঃ ১৮-০৪-২০১৮ খ্রিঃ, বিকাল ১৫০০ ঘটিকা।
স্থানঃ নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ **পরিশিষ্ট- 'ক'**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নৌপরিবহন সচিব মহোদয় সভার বিষয়বস্তু সম্পর্কে সভাকে অবহিত করেন এবং আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিতভাবে উপস্থাপন করার জন্য বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি) এর ব্যবস্থাপনা পরিচালক-কে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে ব্যবস্থাপনা পরিচালক বিগত ০১ মার্চ, ২০১৮ তারিখে অনুষ্ঠিত আর্থিক, প্রশাসনিক ও উন্নয়ন সংক্রান্ত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি এবং চলতি সভার কার্যপত্র বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করেন।

০২। সভায় বিস্তারিত আলোচনা মোতাবেক নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

ক্রঃনং	আলোচ্য বিষয়	বিস্তারিত আলোচনা	সিদ্ধান্ত
(১)	চায়না এক্সিম ব্যাংকের ঋণের অর্থায়নে ৬টি জাহাজ ক্রয়/ সংগ্রহ।	বিএসসি'র ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, আলোচ্য প্রকল্পের আওতায় জাহাজ সংগ্রহের নিমিত্ত জাহাজ নির্মাণ চুক্তির শর্ত ও স্পেসিফিকেসন অনুযায়ী জাহজসমূহ পর্যায়ক্রমে বাংলাদেশে এসে পৌঁছবে। বিএসসি বহরে পর্যায়ক্রমে ৬টি জাহাজ সংযোজনের সম্ভাব্য তারিখ ৫ জুলাই ২০১৮, ২৫ আগস্ট ২০১৮, ২ নভেম্বর ২০১৮, ১৮ ডিসেম্বর ২০১৮ এবং ১৪ ফ্রেব্রুয়ারি ২০১৯। যে জাহাজ আগামী জুলাই-আগস্ট, ২০১৮ তে ডেলিভারী পাওয়া যাবে সে জাহাজ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক আগামী সেপ্টেম্বর, ২০১৮ এর মাঝামাঝি সময়ে উদ্বোধন করার বিষয়ে পরবর্তী কার্যক্রমের জন্য মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে।	নৌপরিবহন মন্ত্রী মহোদয় জাহাজসমূহ সরেজমিনে পরিদর্শন শেষে চীন থেকে ফিরে আসার পর মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাহাজ উদ্বোধনের সম্ভাব্য তারিখ নির্ধারণের জন্য সার-সংক্ষেপ প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরণ করতে হবে।
(২)	বিএসসি'র ঢাকাস্থ নিজস্ব জায়গায় বহুতল ভবন নির্মাণ প্রকল্প।	ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, নবনির্মিত বিএসসি টাওয়ারের ২৪টি ফ্লোরের মধ্যে ২২টি ফ্লোর ভাড়া দেওয়া হয়েছে। বিএসসি টাওয়ারের ২৫তম তলায় (টপ ফ্লোর) বিএসসি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও মাননীয় মন্ত্রী এবং মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের জন্য ১টি করে ২টি রুম ব্যক্তিগত কর্মকর্তাদের বসার সুবিধাসহ এবং ১টি বড় আধুনিক ও স্বয়ংসম্পূর্ণ কনফারেন্স রুম এর জন্য সংরক্ষণ করতে হবে এবং কনফারেন্স রুমটি বিভিন্ন সভা/সেমিনারের জন্য ব্যবহার করা যাবে।	আগামী অর্থ বছরের বাজেটে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ রেখে নৌপম এর সাথে আলোচনাক্রমে পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে।

ক্রঃনং	আলোচ্য বিষয়	বিস্তারিত আলোচনা	সিদ্ধান্ত
(৩)	বিএসসি ও চবক কর্তৃক জয়েন্ট ভেঞ্চারে মাদার ট্যাংকার ক্রয় ও পরিচালনা।	ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, মাদার ট্যাংকার ক্রয়ের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সর্বশেষ অগ্রগতি জরুরিভিত্তিতে অবহিত করার জন্য গত ০৫-০৯-২০১৭ তারিখে চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে; কিন্তু এ বিষয়ে এখনও কোনো উত্তর পাওয়া যায়নি। তাছাড়া গত ২৭-০২-২০১৮ তারিখে নৌপরিবহন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ৫১তম বৈঠকে বিষয়টির প্রতি গুরুত্বারোপ করে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ **"চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ থেকে ঋণ গ্রহণের মাধ্যমে বাংলাদেশ শিপিং কর্পোরেশন এর জাহাজ ক্রয়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সুপারিশ করা হয়"**। উক্ত সুপারিশের প্রেক্ষিতে যৌথ অর্থায়নে জাহাজ ক্রয় সংক্রান্ত কার্যক্রম ত্বরান্বিতকরণের লক্ষ্যে বাণিজ্য উপযোগী জাহাজ সংগ্রহের জন্য চবক হতে অন্তত টাকা ২৫০ (দুইশত পঞ্চাশ) কোটি নগদ অর্থ স্বল্পসুদে দীর্ঘমেয়াদি ঋণ প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য গত ২৭-০৩-২০১৮ তারিখে চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ-কে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়।	চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের বরাবর প্রেরিত পত্রের অগ্রগতি সম্পর্কে আগামী সভায় ব্যবস্থাপনা পরিচালক উপস্থাপন করবেন।
(৪)	বিএসসি'র এফডিআর হিসাবসমূহের সর্বাধিক মুনাফা নিশ্চিতকরণ	ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, সরকারি নীতিমালা অনুসরণপূর্বক সংস্থার স্থায়ী আমানতসমূহ আর্থিক নিরাপত্তা ও সর্বাধিক লাভজনক বিবেচনা করে বিভিন্ন সরকারি ও অনুমোদিত তফসীলি ব্যাংকে বিনিয়োগ করা হয়েছে। এ বিষয়ে সভাপতি মহোদয় সরকারি ও বেসরকারি ব্যাংকে স্থায়ী আমানত রাখার অনুপাত সম্পর্কে জানতে চাইলে সংস্থার নির্বাহী পরিচালক (অর্থ) সভাকে অবহিত করেন যে, সরকারী নির্দেশনা মোতাবেক সকল অর্থ বিভিন্ন সরকারি ও বেসরকারি তফসীলি ব্যাংকে জমা রাখা হয়েছে।	বিএসসি সরকারি নীতিমালা অনুসরণপূর্বক সর্বাধিক মুনাফা অর্জনের লক্ষ্যে স্থায়ী আমানতসমূহ আর্থিক নিরাপত্তা ও লাভজনক বিবেচনায় সরকারি ব্যাংককে অগ্রাধিকার দিয়ে বিভিন্ন অনুমোদিত তফসীলি ব্যাংকে বিনিয়োগ করবে।
(৫)	বিএসসি'র চট্টগ্রাম ও খুলনাস্থ নিজস্ব জমিতে ভবন নির্মাণ/উন্নয়নমূলক কার্যসম্পাদন।	(ক) ব্যবস্থাপনা পরিচালক সভায় জানান যে, বিএসসি'র চট্টগ্রামস্থ জমিতে দেয়াল নির্মাণসহ চট্টগ্রাম ও খুলনাস্থ জমি উন্নয়নমূলক কাজের জন্য পরামর্শক নিয়োগের নিমিত্তে নির্দেশনা মোতাবেক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করা হয়েছে। এছাড়া চট্টগ্রামস্থ জমিটির সীমানা নির্ধারণের জন্য সার্ভেয়ার নিয়োজিত করার জন্য জেলা প্রশাসক বরাবরে গত ০৫এপ্রিল, ২০১৮ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে এবং এতদসম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম চলমান রয়েছে । (খ) ইতোমধ্যে খুলনার জমিতে যৌথ উদ্যোগে স্থাপনা নির্মাণের জন্য বেশ কয়েকবার জাতীয় দৈনিক পত্রিকা ও খুলনার স্থানীয় পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়েছে; কিন্তু আশানুরূপ কোন সাড়া পাওয়া যায়নি।	(ক) ব্যবস্থাপনা পরিচালক চট্টগ্রামস্থ বিএসসি'র জমি দখলমুক্ত রাখার জন্য জমির চতুর্দিকে দেয়াল নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। উক্ত জমিতে রিসোর্ট, পিকনিক স্পটসহ চিড়িয়াখানা করা যায় কিনা এ বিষয়ে পরীক্ষা-নিরীক্ষাপূর্বক